দৈনিক জনকণ্ঠ

তারিখ 01 DEC 2002
পৃষ্ঠা ৭ কলাম

# ভিকারুননিসা নূন বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাতিল

স্টাফ রিপোর্টার ॥ অভিভাবক ও ছাত্রীদের আবেদন, নিবেদন ও ধর্ণা উপেক্ষা করে শিক্ষা মন্ত্রণালয় ভিকারুননিসা নূন বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাতিল করেছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের অনুমোদন

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## ভিকারুননিসা নূন

(প্রথম পাতার পর)

বাতিলের কথা জানিয়ে ভিকারুননিসা নূন বিশ্ববিদ্যালয় ফাউন্ডেশনের চেয়ারম্যান ডা. এইচবিএম ইকবালকে চিঠি দেয়া হয়েছে। এই বাতিলের মধ্যদিয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া ১৩৩ ছাত্রীর শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়ল। তবে ছাত্রীদের ভবিষ্যত যাতে অনিশ্চিত না হয় সে ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় সার্বিক সহযোগিতা করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে এক চিঠিতে অনুরোধ করেছে।

জানা গেছে, ভিকারুন্নিসা নূন বিশ্ববিদ্যালয়ের ওপর গঠিত তদন্ত কমিটির রিপোর্টের সুপারিশের আলোকে শিক্ষা মন্ত্রণালয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাতিল করে। গত ১৩ নবেম্বর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দুই সদস্য ও শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবকে নিয়ে তিনসদস্যের এই কমিটি গঠন করা হয়। এই কমিটি ২০ নবেম্বর শিক্ষা মন্ত্রণালয়ে রিপোর্ট দাখিল করে। এর আগে এই বিশ্ববিদ্যালয় বন্ধ করার ব্যবস্থা পোক্ত করার জন্য জয়েন্ট স্টক কোম্পানিতে ফাউন্ডেশনকে বিলুপ্ত ঘোষণা করা হয়।

এদিকে ভিকারুননিসা নূন বিশ্ববিদ্যালয় ফাউন্ডেশনের চেয়ারম্যান ডা. এইচবিএম ইকবাল জনকণ্ঠকে বলেছেন, বিশ্ববিদ্যালয়ের তহবিল ও জমি নিয়ে কোন অনিয়ম নেই। বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার যাবতীয় শর্ত এবং নিয়মকানুন অনুসরণ করেই এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। সম্পূর্ণ অযৌক্তিক ও একতরফাভাবে বিশ্ববিদ্যালয় বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।